“যখন তোমরা আযান শুনতে পাও তখন মুয়ায্যিন যা বলে তোমরাও অনুরূপ বল।”

আবূ সা‘ঈদ খুদরী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “যখন তোমরা আযান শুনতে পাও তখন মুয়ায্যিন যা বলে তোমরাও
অনুরূপ বল।”
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ হাদীসে মুয়াযযিনের আযান শুনে তার জবাব দেওয়ার ব্যাপারে উৎসাহিত করেছেন। আর তা হলো মুয়াযযিন যা বলবেন, আমরাও হুবহু তা-ই বলবো। সুতরাং তিনি যখন আল্লাহু আকবর বলবেন, আমরাও তারপরে আল্লাহু আকবর বলবো।তিনি যখন‘আশহাদু আল্লাইলাহা ইল্লাল্লাহ’ এবং ‘আশহাদু আন্না মুহাম্মাদার রাসূলুল্লাহ’ বলবেন, আমরাও তার বলার পরে অনুরূপ বাক্যই বলবো। তবে ‘হাইয়্যা ‘আলাস সালাহ’ এবং হাইয়্যা ‘আলাল ফালাহ’ এর ক্ষেত্রে ভিন্নতা রয়েছে: মুয়াযযিন যখন তা বলবেন,উভয়টির জবাবে তখন বলা হবে: (لا بالله إلا قوة ولا حول’ (লা হাওলা ওয়ালা কুয়্যাতা ইল্লা বিল্লাহ’।

https://sunnah.global/hadeeth/bn/show/3013